# দিঘলিয়া উপজেলা পরিষদের ফেব্রুয়ারি/২০২২মাসের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী

(সভা নং-২ )

সভাপতি : শেখ মারুফুল ইসলাম
চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিঘলিয়া, খুলনা।

তারিখ : ২৮ফেব্রুয়ারি ২০২২, সোমবার

সময় : বিকাল ১২: ০০ ঘটিকা

স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ ।

(উপস্থিত সদস্যবৃন্দের হাজিরা পৃথক রেজিস্টারে সংরক্ষিত)

সভার শুরুতে উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অতঃপর সভাপতি সভার আলোচ্যসূচি মোতাবেক সভা পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ করেন। উপজেলা নির্বাহী অফিসার দিনের সভার আলোচ্যসূচি অনুযায়ী সভার কার্যক্রম শুরু করেন। সভায় নিম্নরূপ বিষয়ভিত্তিক আলোচনা এবং বিভিন্ন সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রঃ | আলোচ্য সূচি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ০১. | পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন | বিগত জানুয়াররি ২০২২, মাসের সাধারণ সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনানো হয়। উক্ত কার্যবিবরণীর কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতভাবে অনুমোদিত হয়। | জানুয়ারি ২০২২ মাসের উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী সর্বসম্মতভাবে অনুমোদিত। | উপজেলা নির্বাহী অফিসার, দিঘলিয়া, খুলনা। |
| ০২. | স্থায়ী কমিটি সমূহের সভা | উপজেলা নির্বাহী অফিসার সভায় স্থায়ী কমিটির সভা নিয়মিত হচ্ছে কিনা জানতে চাইলে সংশ্লিষ্ট অফিস সহকারী জানান যে, ২০২২ মাসে ০৮ টি স্থায়ী কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে। এ বিষয়ে সভায় আলোচনা হয় এবং স্থায়ী কমিটির সদস্য-সচিবগণ ও উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যানদ্বয়কে, যথাসময়ে সভা আহবানপূর্বক সভার কার্যবিবরণী প্রেরণের জন্য অনুরোধ করা হয়। এ বিষয়ে উপজেলা নির্বাহী অফিসার জানান, নিয়মিতভাবে স্থায়ী কমিটির সভা আহবান করতে হবে। | স্থায়ী কমিটির সদস্য-সচিবগণ ও উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যানদ্বয় নির্দিষ্ট সময়ের মধ্যে স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী প্রেরণ করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | স্থায়ী কমিটির সদস্য-সচিবগণ ও উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যানদ্বয় |
| ০৩ | উপজেলা পরিষদের আয়-ব্যয়সংক্রান্ত | উপজেলা পরিষদের আয়-ব্যয় সংক্রান্ত হিসাব সভায় উপস্থাপন: জানুয়ারি/২০২২ মাসে উপজেলা পরিষদ কর্তৃক আয় ও ব্যয়ের হিসাব সভায় উপস্থাপন করা হয় ।<br>সর্বমোট আয়- ৯,৪৫,৩২১/-<br>মোট ব্যয়-৪,৯৪,২১৬ /- | উপজেলা পরিষদের আয় সংশ্লিষ্ট হিসাবে জমা নিশ্চিত করতে হবে। সংশ্লিষ্ট ক্যাশ বইসমূহ যথারীতি সংরক্ষণ করতে হবে। | চেয়ারম্যান উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার এবং সংশ্লিষ্ট অফিস সহকারী। |
| ০৪ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কমিটি | সভায় উপজেলা স্বাস্থ্য পরিবার পরিকল্পনা অফিসার জানান যে, গত ইং০৮/০১/২০২২ তারিখে ১২-১৮ বয়সে যে সকল শিশু ১ম ডোজ কোভিড ভ্যাকসিন (ফাইজার) টিকা গ্রহন করেছে তাদের আগামী ইং-০৮/০৩/২০২২ তারিখ হতে ২য় ডোজ করোনা ভ্যাকসিন প্রদান করা হইবে। কোভিড-১৯ (করোনা ভ্যাকসিন) শুরু থেকে অদ্যবধি যে সমস্ত ব্যক্তি বা প্রতিষ্ঠান সহযোগীতা করেছেন সংশ্লিষ্ট সকল কে উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা মহোদয় ধন্যবাদ জ্ঞাপন করেন। সাথে সাথে সংশ্লিষ্টা সকলকে আগামী দিনে | সভায় বিস্তারিত আলোচনান্তে যে সকল শিশু এখন পর্যন্ত টিকা গ্রহণ করেননি তাদের যেন উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে এসে টিকা গ্রহণ করার সিদ্ধান্ত | উপজেলা, স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা, কর্মকর্তা, দিঘলিয়া, খুলনা। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | পাশে থাকার আহবান জানান। তিনি আড়ুয়া কমিউনিটি ক্লিনিকের সামনে সংযোগ সড়ক ও কমিউনিটি ক্লিনিকের পিছনের গর্ত ও নিচু স্থানে মাটি ভরাট করা প্রয়োজন। | গৃহীত হয়। | |
| ০৫ | উপজেলা পল্লী উন্নয়ন কমিটির সুপারিশ কমিটি | সভায় উপজেলা পল্লী উন্নয়ন অফিসার জানান যে, বিআরডিবি সুফলভোগীদের ক্ষুদ্র ক্ষুদ্র সঞ্চয় জমার মাধ্যমে পুজি গঠন কার্যক্রম অব্যাহত আছে। এ পর্যন্ত পুজি গঠনের পরিমান ১২৪.৯৫ লক্ষ। তিনি বলেন তার দপ্তরের আওতাধীন বিভিন্ন প্রকল্পে ২০২১-২০২২ অর্থবছরে ঋণ বিতরণ লক্ষমাত্রা ৩২৬.৩২ লক্ষ টাকা যার শতভাগ বিতরণ হবে মর্মে আশা পোষণ করেন। ইতোমধ্যে কোভিড-১৯ প্রনোদনা ঋণ (বিতরণ ৩৫.৫০ লক্ষ) সহ মোট ৭৯.১১ লক্ষ টাকা বিতরণ করা হয়েছে। চলতি অর্থবছরের ৬ মাসে ৮৯.৫২ লক্ষ আদায় করা হয়েছে। চলতি ঋণ আদায়ের হার ১০০%। ২০২১-২০২০ অর্থবছরে ২টি প্রশিক্ষণ ক্লাসের বাজেট অনুমোদন পাওয়া যায় তার মধ্যে ১ টি প্রশিক্ষণ ক্লাস অনুষ্ঠিত হয়েছে এবং বাকি একটি আগামী জানুয়ারি/২০২২ মাসে অনুষ্ঠিত হবে। মেয়াদউত্তীর্ণ খেলাপী ঋণ আদায়ে ইউ, এন, ও মহোদয়, ও অফিসার ইনচার্জ এর নিকট হতে আন্তরিক সহযোগীতা পাওয়ায় তিনি সকলকে আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করেন। | সভায় বিস্তারিত আলোচনান্তে বিআরডিবি'র সুফলভোগীদের প্রশিক্ষন উত্তর ক্ষুদ্র ক্ষুদ্র সঞ্চয় জমার মাধ্যামে পুজি গঠন ও ঋণ বিতরণ এবং আদায় কার্যক্রম আদায় কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, দিঘলিয়া, খুলনা। |
| ০৬ | উপজেলা যুব উন্নয়ন কমিটি | সভায় উপজেলা যুব উন্নয়ন অফিসার জানান যে, ২০২১-২০২২ অর্থবছরে রাজস্ব খাতের ১৪টি ব্যাচের ভ্রাম্যমাণ প্রশিক্ষণ কার্যক্রম স্বাস্থ্যবিধি মেনে পরিচালনার জন্য নির্দেশনা পাওয়া গিয়াছে এবং বছরে প্রশিক্ষণের লক্ষ্য মাত্রা ৪২০ জন। লক্ষ্যমাত্রা অনুযায়ী বর্তমান মাস পর্যন্ত ৩০ জনের ১২ টি ব্যাচের মোট =৩৬০ শত জন যুব ও যুব মহিলাদেরকে বিভিন্ন ট্রেডে প্রশিক্ষণ সম্পন্ন করা হয়েছে। যুব ঋণ বিতরণের লক্ষ্য মাত্রা বছরে ৩৫,৮০,০০০/-টাকা দেওয়া হয়েছে। লক্ষ্যমাত্রা অনুযায়ী যুব সদস্যদের মাঝে ২১,২০,০০০/- টাকা যুব ঋণ বিতরণ করা হয়েছে। চলতি মাসের ঋণ আদায় শতভাগ অর্জন করা সম্ভব হয়নি। তবে ঋণ আদায়ের জন্য তাগাদা দেওয়া হচ্ছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে সরকারি বিধি বিধান অনুসরন পূর্বক দাপ্তরিক কার্য সম্পাদন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা যুব উন্নয়ন অফিসার দিঘলিয়া, খুলনা |
| ০৭ | বিবিধ আলোচনা উপজেলা মৎস্য দপ্তর | সভায় উপজেলা মৎস্য অফিসার জানান যে, সাসটেইনেবল কোস্টাল এন্ড মেরিন ফিসারীজ প্রকল্পের আওতায় ক্লাস্টারভিত্তিক চিংড়ি চাষ বৃদ্ধির লক্ষ্যে স্থানীয় চেয়ারম্যান, জনপ্রতিনিধি ও কৃষকদের সাথে সমন্বয়পূর্বক দিঘলিয়া ইউনিয়নে ০৭টি, যোগীপোল ইউনিয়নে ০৭টি, যোগীপোল ইউনিয়নে ০৪ টি এবং আড়ংঘাটা ইউনিয়নে ০১ টি মোট ১২ টি ক্লাস্টার গঠন করা হয়েছে। ২০২১-২২ অর্থবছরে জলাশয় সংস্কারের মাধ্যমে মৎস্য উৎপাদন বৃদ্ধি প্রকল্পের অর্থায়নে পুনঃখননের নিমিত্ত সুফলভোগী বাছাই ও স্কীম প্রস্তুতি কার্যক্রম চলমান রয়েছে। তিনি বলেন ইলিশ সম্পদ উন্নয়ন ও ব্যবস্থাপনা প্রকল্পের আওতায় বিকল্প কর্মসংস্থান উপকরণ প্রদানের লক্ষ্যে গাজিরহাট ইউনিয়ন হতে ০৩ জন এবং সেনহাটি ইউনিয়ন হতে ০৭ জন, মোট ১০ জন জেলেকে প্রাথমিকভাবে বাছাই করা হয়েছে। দ্রুত কার্যক্রম গ্রহণ করা হবে। তিনি বলেন ইউনিয়ন পর্যায়ে মৎস্য চাষ প্রযুক্তি সেবা সম্প্রসারণ প্রকল্পের আওতায় প্রদর্শনী স্থাপনের নিমিত্ত ইউনিয়ন কমিটির সুপারিশের ভিত্তিতে ০৩ ফলাফল প্রদর্শক চাষি ও ১৫ জন বন্ধু চাষি বাছাই সম্পন্ন হয়েছে এবং ইতোমধ্যে তাদের ১ম ধাপের প্রশিক্ষণ সম্পন্ন হয়েছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মৎস্য অফিসার, দিঘলিয়া, খুলনা। |
| ০৮ | উচ্চতার গ্রেড মঞ্জুর সম্পর্কিত আলোচনা। | সভায় উপজেলা নির্বাহী অফিসার জানান যে, উপজেলা পরিষদে কর্মরত সাঁটমুদ্রাক্ষরিক- কাম-কম্পিউটার অপারেটের জনাব মোঃ রাইছুল ইলসাল ও গাড়ি চালক জনাব মোঃ মিজানুর রহমান এর চাকুরীকাল আগামী ০২/০৫/২০২২ খ্রি: তারিখে সন্তোষজনকভাবে ১০ (দশ) বছর পূর্ণ হওয়ায় পরবর্তী (১৪ তম গ্রেড হতে ১৩তম গ্রেডে ও ১৬ তম গ্রেড হতে ১৫ তম গ্রেডে ) উচ্চতর গ্রেড প্রাপ্তির জন্য আবেদন দাখিল করেছেন। উক্ত দাখিলকৃত | সাভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদে কর্মরত সাঁটমুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার অপারেটর জনাব মোঃ রাইছুল | উপজেলা নির্বাহী অফিসার দিঘলিয়া, খুলনা। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | আবেদনটি সভায় উপস্থাপন করা হয়। আবেদনটি মঞ্জুর করে স্থানীয় সরকার বিভাগে প্রেরণ করা যেতে পারে। | ইসলাম ও গাড়ি চালক মোঃ মিজানুর রহমান এর চাকুরী দশ সন্তোষজনকভাবে ১০ (দশ) বছর পূর্ণ হওয়ায় পরবর্তী (১৪তম গ্রেড হতে ১৩তম গ্রেডে ও ১৬ তম গ্রেড হতে ১৫ তম গ্রেডে ) উচ্চতার গ্রেড প্রাপ্তির আবেদন খানা মঞ্জুর পূর্বক স্থানীয় সরকার বিভাগে প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| ০৯ | উপজেলা মহিলা বিষায়ক দপ্তর। | সভায় উপজেলা মহিলা বিষায়ক অফিসার জানান যে, উপজেলা পর্যায়ে আয়বর্ধকমূলক প্রশিক্ষন প্রকল্পের কার্যক্রম দুই শিফটে করা হলে দ্রুত প্রশিক্ষণ কার্যক্রম শেষ করা সম্ভব হতো। তিনি বলেন কিশোর কিশোরী ক্লাব স্থাপন প্রকল্পের ক্লাস দুই শিফটে পরিচালনার নির্দেশনা আসছে। তিনি আরো বলেন নগরঘাট অবস্থিত নিজস্ব অফিসে পতাকা উত্তোলনের বেদী নির্মাণ ও টিনসেড নির্মাণ এবং প্রশিক্ষণ কেন্দ্র তৈরীর জন্য সদর কার্যালয়ে স্টিমেট প্রস্তুত করে প্রেরনের নির্দেশনা পাওয়া গেছে। সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | সভায় বিস্তারিত আলোচনান্তে আয়বর্ধমূলক প্রশিক্ষন কার্যক্রম দুই শিফটে করা, কিশোর কিশোরীদের ক্লাস দুই শিফটে করাসহ মহিলা বিষয়ক এর নিজস্ব ভবনে পতাকা উত্তোলনের বেদী নির্মাণ ও নতুন প্রশিক্ষন কেন্দ্র তৈরীর স্টিমেট প্রস্তুত করে উর্দ্ধতন কতৃপক্ষের নিকট প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মহিলা বিষায়ক অফিসার, দিঘলিয়া, খুলনা। |
| ১০ | উপজেলা বন অফিসার দিঘলিয়া | সভায় উপজেলা বন অফিসার জানান যে, গাজীরহাট ইউনিয়নের মোল্যাডাঙ্গা হতে বামনডাঙ্গা এবং যোগীপোল ইউনিয়নের তেলীগাতী বরইতলা হতে রংপুর রাস্তার দু পাশ্বের গাছগুলো মারকিং এর কার্যক্রম শেষ করে তার প্রয়োজনীয় কপি বিভাগীয় অফিসে প্রেরণ করা হয়েছে। বিভাগীয় অফিস এর অনুমোদন ক্রমে অতিদ্রুত টেন্ডর কার্যক্রম সম্পূর্ণ হবে। | সভায় বিস্তারিত আলোচনান্তে বিভাগীয় অফিস যাতে দ্রুত টেন্ডার কার্যক্রম সম্পন্ন করা যায় তার জন্য পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা বন অফিসার দিঘলিয়া, খুলনা। |
| ১১ | উপজেলা প্রকৌশলী দপ্তর | সভায় উপজেলা প্রকৌশলী জানান যে, উপজেলা জন- স্বাস্থ্য প্রকৌশল অফিস ভবন নির্মাণ কাজের স্বার্থে দুইটি শুকনো গাছ অপসারন করা প্রয়োজন। তিনি বলেন উপজেলা প্রাথমিক শিক্ষা অফিস ভবন নির্মান কাজের স্থলে ও তিনটি ঝড়ে পড়া গাছ অপসারন করা প্রয়োজন। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা জন-স্বাস্থ্য প্রকৌশলী ভবন ও উপজেলা প্রাথমিক শিক্ষা ভবন নির্মাণ কাজের স্থলের গাছ অপসারন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা বন অফিসার, দিঘলিয়া, খুলনা। |

<table>
<tr><th></th><th></th><th></th><th></th><th></th></tr>
<tr>
<td>১২</td>
<td>২০২১-২০২২ অর্থবছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচী (এডিপি) ও ইউডিএফ এর প্রকল্প সংক্রান্ত।<br><br>উপজেলা রাজস্ব তহবিল হতে আসবাব পত্র ক্রয় সংক্রান্ত</td>
<td>(ক) সভায় উপজেলা প্রকৌশলী জানান যে, ২০২১-২০২২ অর্থবছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচী (এডিপি) ও ইউডিএফ এর প্রকল্পের আওতায় নির্বাচিত স্কিমের মধ্যে প্রকল্প কমিটির কাজ শেষ হয়েছে এবং অবশিষ্ট স্কিমসমূহ বাস্তবায়নের জন্য প্যাকেজ ভিত্তিক টেন্ডার আহবায়ন করা হয়েছে। দাখিলকৃত টেন্ডারগুলির মধ্যে দ্রুত ঠিকাদার নির্বাচন করে কাজ বাস্তবায়ন করা হবে।<br><br>(খ) সভায় উপজেলা প্রকৌশলী জানান যে, বিগত জানুয়ারি/২২ মাসের মাসিক সভার সিদ্ধান্ত মোতাবেক উপজেলা পরিষদের অফিসের আসবাবপত্র ক্রয়ের জন্য ২,০০,০০০/- টাকার প্রাক্কলন এবং ক্রয়ের প্রকল্প কমিটি সভায় উপস্থাপন করা হলো যা অনুমোদন প্রয়োজন।<br>কাজের নাম- উপজেলা পরিষদের অফিসের আসবাবপত্র ক্রয় ।<br>প্রাক্কলিত মুল্যে=২,০০,০০০/-
<table>
<tr><th>ক্র: নং</th><th>নাম</th><th>ঠিকান</th><th>প্রকল্প কমিটি</th></tr>
<tr><td>০১</td><td>মোঃ আজিজুর রহমান</td><td>পানিগাতি</td><td>প্রকল্প সভাপতি</td></tr>
<tr><td>০২</td><td>মোঃ আজম মোড়ল</td><td>পানিগাতি</td><td>প্রকল্প সেক্রেটারী</td></tr>
<tr><td>০৩</td><td>মোঃ নুরুল ইসলাম</td><td>লাখোহাটি</td><td>সদস্য</td></tr>
<tr><td>০৪</td><td>মোঃ ইকলাজ শেখ</td><td>ব্রক্ষগাতি</td><td>সদস্য</td></tr>
<tr><td>০৫</td><td>মোঃরুবায়েদ হোসেন রসি</td><td>ব্রক্ষগাতি</td><td>সদস্য</td></tr>
<tr><td>০৬</td><td>রুপা বেগম</td><td>ব্রক্ষগাতি</td><td>সদস্য</td></tr>
<tr><td>০৭</td><td>অসিম হাওলাদার</td><td>ব্রক্ষগাতি</td><td>সদস্য</td></tr>
</table>
</td>
<td>সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে যাহাতে চলতি অর্থবছরে যথাসময়ের মধ্যে প্রকল্পের কাজ সম্পন্ন হয় তার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।<br>সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে কাজটি উপজেলা রাজস্ব তহবিল হতে বাস্তবায়নের জন্য দাখিলকৃত প্রাক্কলন ও প্রকল্প কমিটি অনুমোদনসহ সিদ্ধান্ত গৃহীত হয়।</td>
<td>উপজেলা প্রকৌশলী দিঘলিয়া খুলনা।<br><br>উপজেলা নির্বাহী অফিসার, এবং উপজেলা প্রকৌশলী, দিঘলিয়া, খুলনা।</td>
</tr>
<tr>
<td>১৩</td>
<td>চেয়ারম্যান বারাকপুর ইউপি</td>
<td>সভায় চেয়ারম্যান বারাকপুর ইউপি জানান যে, তার ইউনিয়য়েনে বিভিন্ন রাস্তার পার্শ্বে বেশ কিছু মরা গাছ রয়েছে যা দ্রুত কর্তন করে নিলামের বিক্রয় করা প্রয়োজন।</td>
<td>সভায় বিস্তারিত আলোচনান্তে রাস্তার পার্শ্বের মরা গাছগুলো কর্তন করে নিলামের বিক্রয়ের সিদ্ধান্ত গৃহীত হয়।</td>
<td>উপজেলা বন অফিসার, দিঘলিয়া, খুলনা।</td>
</tr>
<tr>
<td>১৪</td>
<td>চেয়ারম্যান দিঘলিয়া ইউপি</td>
<td>সভায় চেয়ারম্যান দিঘলিয়া ইউপি জানান যে, ফেয়ার প্রাইজ এর কার্ড বিতরনের ক্ষেত্রে যে অনিয়ম গুলো ছিল তার কিছু পরিবর্তন করা প্রয়োজন। তিনি বলেন সিটিবির যে কার্ড বিতরনে করা হবে এতে যদি কোন অনিয়ম হয় তাহলে উপজেলা কমিটি তার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। তিনি আরো বলেন খুলনা সিটি করর্পোরেশন থেকে যে এ্যাজাক্স খেয়াঘাটের হিস্যার যে অর্থ পাওয়া গেছে তা সকল ইউনিয়ন পরিষদের মধ্যে সুষম বন্টন করে দিতে হবে।</td>
<td>সভায় বিস্তারিত আলোচনান্তে ফেয়ার প্রাইজ এর কার্ড প্রকৃত ব্যক্তিরা যাতে পায় তার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণসহ টিসিবির কার্ড বিতরনের ক্ষেত্রে যেন কোন অনিয়ম না হয় এবং এ্যাজাক্স খেয়াঘাটের হিস্যার অর্থ সুষম বন্টনের সিদ্ধান্ত গৃহীত হয়।</td>
<td>উপজেলা নির্বাহী অফিসার দিঘলিয়া, খুলনা।</td>
</tr>
</table>

| | | | | |
|---|---|---|---|---|
| ১৫ | চেয়ারম্যান আড়ংঘাটা ইউপি। | সভায় চেয়ারম্যান আড়ংঘাটা ইউপি জানান যে, তার ইউনিয়নে ২টি কমিউনিটি ক্লিনিক স্থাপনের ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ প্রক্রিয়া চলমান রয়েছে। তিনি আরো বলেন তার ইউনিয়নে মহাসিন মোড় থেকে বাইপাশ পর্যন্ত সড়কটি বর্তমান জনবহুল ও প্রচুর যানবাহন চলাচল করে। সড়কটি এক লেনের হওয়ায় প্রায় দূর্ঘটনা ঘটে। এ কারনে জনগনের চলাচলের নিরাপত্তার এবং দুরঘটনা এড়ানোর জন্য সড়কটি দুই লেনের করা প্রয়োজন। এ বিষয়ে উপজেলা প্রকৌশলীকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের করার জন্য অনুরোধ করেন। | সাভায় বিস্তারিত আলোচনান্তে আড়ংঘাটা ইউনিয়নের কমিউনিটি ক্লিনিক স্থাপনের কাজ প্রক্রিয়াধীন। মহসিন মোড় থেকে বাইপাশ পর্যন্ত রাস্তাটি দুই লেনের করার জন্য উপজেলা প্রকৌশলী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী দিঘলিয়া খুলনা। |
| ১৬ | চেয়ারম্যান যোগীপোল ইউপি। | সভায় চেয়ারম্যান যোগীপোল ইউপি জানান যে, তার ইউনিয়নে এক জন সংরক্ষিত মেম্বর মৃত্যুবরন করায় সে খানে উপ-নির্বাচন প্রয়োজন। তিনি বলেন তার ইউনিয়নে কোন কমিউনিটি ক্লিনিক না থাকায় সাধারণ মানুষ সেবা থেকে বঞ্চিত হচ্ছে। তবে কমিউনিটি ক্লিনিক স্থাপনের জন্য যে সকল সহয়োগিতা প্রয়োজন তা তিনি তার ইউনিয়নে এর পক্ষ থেকে করবেন। তিনি বলেন তার ইউনিয়নে সু-পেয় পানির খুবই অসুবিধা এটা যাতে আসু সমাধান হয় সে জন্য তিনি উপজেলা উপ-সহকারী জন-স্বাস্থ্য প্রকৌশলীকে অনুরোধ জানান। তিনি যোগীপোল ইউনিয়নের নিজস্ব কোন বাজার না থাকায় ফূলবাড়ীগেট অংশে ইউনিয়নের অন্তর্গত একটি বাজার স্থাপন করার জন্য সভায় উপস্থাপন করেন। তিনি আরো বলেন যোগীপোল ইউনিয়নের ভূমিহীন লোকের বসবাস খুব বেশী তবে সে ক্ষেত্রে ভূমিহীন লোকদের জন্য যদি কোন ব্যবস্থা করা যায় সে জন্য তিনি সকলের দৃষ্টি আকর্ষন করেন। | সভায় বিস্তারিত আলোচনান্তে সংরক্ষিত আসনের দ্রুত উপ-নির্বাচন অনুষ্ঠিত করার ব্যবস্থা গ্রহণ। যোগীপোল ইউনিয়নে কমিউনিটি স্থাপনের প্রয়োনীয় ব্যবস্থা গ্রহণসহ সু-প্রেয় পানির ব্যবস্থা গ্রহন এবং যোগীপোল ইউনিয়নের ফুলবাড়ীগেটে বাজার করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা নির্বাচন অফিসার, উপজেলা উপ সহকারী জন স্বাস্থ্য প্রকৌশলী দিঘলিয়া, খুলনা। |
| ১৭ | উপজেলা নির্বাহী অফিসার | সভায় উপজেলা নির্বাহী অফিসার জানান যে, টিসিবির কার্ড যারা পাওয়ার যোগ্য তারা যাতে পায় সেটি নিশ্চিত করতে হবে। তিনি বলেন এক্ষেত্রে দরিদ্র বিধবা, অসহায়দেরকে অগ্রাধিকার দিতে হবে। তিনি বলেন সরকারের মহতী উদ্যেগ আশ্রয়ন প্রকল্পের বসবাসকারীদের বিভিন্ন সরকারী দপ্তরের প্রধানগন তাদের বিভাগীয় কর্মের মাধ্যমে প্রশিক্ষণ, ঋণদানসহ সর্ব প্রকার সহযোগীতা প্রদান করতে হবে। তিনি সংশ্লিষ্ট জন প্রতিনিধিসহ সকলকে নিয়মিত আশ্রয়ন প্রকল্প পরিদর্শনের আহবান জানান। তিনি আরো বলেন দিঘলিয়া ইউনিয়নে ভূমিহীনদের ঘর নির্মানের জন্য ক্রয়কৃত জমিতে ধান কাটার সাথে সাথে বালু ভরাট ও পুকুর খনন কাজ সম্পন্ন করতে হবে যাতে নির্ধারিত সময়ের মধ্যে কাজ সম্পন্ন করা যায়। এছাড়া আশ্রয়ন সংক্রান্ত উপজেলা টাস্কফোর্স কমিটির সিদ্ধান্ত সমূহ অনুমোদন ও বাস্তবায়ন করতে হবে। | সভায় বিস্তারিত আলোচনান্তে টিসিবির কার্ড যাতে প্রকৃত ব্যক্তিরাই পায় এবং সরকারী সকল দপ্তরের দপ্তর প্রধানগনকে আশ্রয়ন প্রকল্পে বসবাসকারীদেরকে সর্ব প্রকার সহযোগীতা প্রদান করাসহ টাস্কফোর্স কমিটির সিদ্ধান্ত সমূহ বাস্তবায়ন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার, সহ সকল অফিস প্রধানগন, দিঘলিয়া, খুলনা। |
| ১৮ | চেয়ারম্যান উপজেলা পরিষদ, দিঘলিয়া, খুলনা। | সভায় চেয়ারম্যান উপজেলা পরিষদ দিঘলিয়া জানান যে, যে সকল রাস্তা আইডি ভুক্ত করা হয়নি সে সকল রাস্তার আইডি খুলে সেটি জেলা সমন্বয় কমিটির সভায় উপস্থাপন করা হবে। এ বিষয়ে তিনি সকল ইউপি চেয়ারম্যানগনদের পত্র প্রেরণের জন্য তিনি উপজেলা প্রকৌশলীকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করার কথা বলেন। তিনি আরো বলেন টিসিবির যে সুবিধা তা যেন অতি সাধারণ মানুষ পায় সে বিষয়টি প্রত্যেক ইউপি চেয়ারম্যানদেরকে নিশ্চিত করতে হবে। তিনি আরো বলেন গাজীরহাটের মাঝিরগাতী ও কোলা বাজারের পুরানো চান্দিনার মালমাল চুরি হয়ে যাচ্ছে তাই এগুলো উপজেলা পরিষদ এনে বিধিমাফিক নিস্পত্তি করা প্রয়োজন। | সভায় বিস্তারিত আলোচনান্তে আইডি বিহীন রাস্তার নতুন আইডি খুলার ব্যাপারে উপজেলা প্রকৌশলীকে প্রয়োজনীয় গ্রহণসহ টি সিবির কার্ড সুষ্ঠভাবে বিতারন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা প্রকৌশলী এবং সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানবৃন্দ দিঘলিয়া, |

| | | | | |
|---|---|---|---|---|
| | | | | খুলনা। |

**জানুয়ারি, ২০২১ মাসে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে ব্যয়ের বিস্তারিত বিবরণ**

| মাসের নাম | ব্যয়ের বিবরণ | মোট ব্যয় |
|---|---|---|
| | ০১। উপজেলা পরিষদের এক মাসের আপ্যায়ন বাবদ = ৩০,০০০/-<br>০২। উপজেলা পরিষদের এক মাসের আনুষঙ্গিক ব্যয় বাবদ= ৫০০০/-<br>০৩। উপজেলা পরিষদের কমিটির সভা পরিচালনা ব্যয় বাবদ=৮০০০/-<br>০৪। চেয়ারম্যান মহোদয়ের জানুয়ারি/২০২২ মাসের সম্মানী ও বাড়ীভাড়া = ৪৫,০০০/-<br>০৫। ভাইস চেয়ারম্যানের জানুয়ারি /২০২২ মাসের সম্মানী = ২৭,০০০/-<br>০৬। মহিলা ভাইস চেয়ারম্যানের জানুয়ারি /২০২২ মাসের সম্মানী = ২৭,০০০/-<br>০৭। জনাব টিমলা দাস, পরিচ্ছন্নতা কর্মী এর জানুয়ারি /২০২২ মাসের দৈনিক ভাতা বাবদ=১৪,৩০০/-<br>০৮। জনাব লিয়াকত আলী খান, মালী এর জানুয়ারি /২০২২ মাসের দৈনিক মজুরী ভাতা বাবদ=১৪,৮৫০/-<br>০৯। চেয়ারম্যান উপজেলা পরিষদ, দিঘলিয়া খুলনা এর জানুয়ারি /২০২২ মাসের ভ্রমণ বিল বাবদ ১১,৪৫৮/-<br>১০। ভাইস চেয়ারম্যান উপজেলা পরিষদ, দিঘলিয়া, খুলনা এর জানুয়ারি /২০২২ মাসের ভ্রমণ বিল বাবদ=৬,৫০০/-<br>১১। ভাইস চেয়ারম্যান মহিলা উপজেলা পরিষদ, দিঘলিয়া, খুলনা এর জানুয়ারি /২০২২ মাস ভ্রমণ বিল বাবদ= ৬,০০০/-<br>১২। মেসার্স ভিলেজ এ্যান্ডকোং,ব্রহ্মগাতি দিঘলিয়া, খুলনা এর নামে কামারগাতি খেয়াঘাট নির্মাণ কাজের বিল বাবদ=২,৮৫,০০০/-<br>১৩। মোঃ হাফিজুর রহমান, অফিস সহায়ক এর নামে উপজেলা পরিষদের ০৪ টি মিটারের বিদ্যুৎ পরিশোধ বাবদ=১৪,১০৮/- | ৪,৯৪,২১৬/- |

অতঃপর আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সদস্যবৃন্দকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(শেখ মারুফুল ইসলাম)
চেয়ারম্যান
ও
সভাপতি
উপজেলা পরিষদ,দিঘলিয়া, খুলনা।

স্মারকনং-০৫.৪৪.৮৭২৫.০০১.১১.০১১.২০- ৭৮৫ তারিখ: ২৮.০২.২০২২ খ্রি:

**অনুলিপি: সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো:**

০১। জনাব আব্দুস সালাম মূর্শেদী, মাননীয় সংসদ সদস্য- ১০২, খুলনা-৪, যুব ও ক্রীড়া এবং স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের স্থায়ী কমিটির সদস্য।

০২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০৩। বিভাগীয় কমিশনার, খুলনা বিভাগ, খুলনা।

০৪। জেলা প্রশাসক, খুলনা।

০৫। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিঘলিয়া, খুলনা।

০৬। ভাইস চেয়ারম্যান/ভাইস চেয়ারম্যান মহিলা, উপজেলা পরিষদ, দিঘলিয়া, খুলনা।

০৭। উপজেলা ..................................................কর্মকর্তা, দিঘলিয়া, খুলনা।

০৮। চেয়ারম্যান, ........................................ইউপি (সকল), দিঘলিয়া, খুলনা।

০৯। জনাব ........................................................................সদস্য, উপজেলা পরিষদ সাধারণ সভা, দিঘলিয়া, খুলন

২৮/০২/২০২২

(মোঃ মাহবুবুল আলম)
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ,দিঘলিয়া, খুলনা।
ফোন: ০৪১-৮৯০০০২